লেন্স এশিয়া
২৯ নভেম্বর, ২০২৫

# বেগম খালেদা জিয়ার খোঁজ নিতে হাসপাতালে স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার শারীরিক অবস্থার খোঁজখবর নিতে শনিবার (২৯ নভেম্বর) দুপুরে এভারকেয়ার হাসপাতালে যান স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী। চিকিৎসকদের কাছ থেকে তিনি চলমান চিকিৎসা ও সামগ্রিক অবস্থার বিষয়ে বিস্তারিত জানতে চান।

এর আগেই হাসপাতালে উপস্থিত হন বাংলাদেশ খেলাফত মজলিসের আমির মওলানা মুহাম্মাদ মামুনুল হক। তিনি খালেদা জিয়ার দ্রুত আরোগ্য কামনা করেন এবং চিকিৎসা পরিস্থিতি সম্পর্কে চিকিৎসকদের সঙ্গে আলাপ করেন।

তার কিছুক্ষণ পর জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) একটি প্রতিনিধি দল হাসপাতালে পৌঁছে খালেদা জিয়ার শারীরিক অবস্থার আপডেট নেন। প্রতিনিধি দলে ছিলেন সিনিয়র যুগ্ম সদস্যসচিব ডা. তাসনিম জারা, মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী ও মুখ্য সংগঠক (দক্ষিণাঞ্চল) হাসনাত আবদুল্লাহ। তারা চিকিৎসা প্রক্রিয়া ও পরবর্তী পদক্ষেপ সম্পর্কে ডাক্তারদের সঙ্গে আলোচনা করেন।

বেশ কিছুদিন ধরে বিভিন্ন জটিলতায় ভুগছেন বেগম খালেদা জিয়া। এভারকেয়ার হাসপাতালের নিবিড় পর্যবেক্ষণে থাকা এই নেত্রীর শারীরিক অবস্থাকে চিকিৎসকরা এখনো সংকটাপন্ন বলেই জানাচ্ছেন এবং উন্নত চিকিৎসার প্রয়োজন রয়েছে বলে উল্লেখ করেছেন।

LENS ASIA